www.bangladeshbank.org.bd
www.bb.org.bd

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট

পিএসডি সার্কুলার নং-১৪

তারিখ : ০৯ অগ্রহায়ণ ১৪৩২ / ২৪ নভেম্বর ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার/
পেমেন্ট সার্ভিস প্রোভাইডার

**Bangla QR কোডভিত্তিক লেনদেনে মার্চেন্টের হিসাবে তাৎক্ষণিকভাবে অর্থ প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

দেশে নগদ অর্থ লেনদেন হ্রাস এবং লেস-ক্যাশ সোসাইটি বিনির্মাণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক বিভিন্ন অংশীজনের সাথে সমন্বয়পূর্বক বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় দেশের অভ্যন্তরে Bangla QR কোডভিত্তিক লেনদেন আরও গতিশীল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

ক) Bangla QR সরবরাহকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহ ব্যক্তিক রিটেইল হিসাব দ্বারা অন্তর্ভুক্ত ক্ষুদ্র ও প্রান্তিক ব্যবসায়ীদেরকে Bangla QR কোডভিত্তিক লেনদেনের অর্থ তাৎক্ষণিকভাবে ব্যবসায়ীদের হিসাবে প্রদান করবে;

খ) Bangla QR সরবরাহকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহ ক্ষুদ্র ও প্রান্তিক ব্যবসায়ী ব্যতীত অন্যান্য ব্যবসায়ীদের Bangla QR কোডভিত্তিক লেনদেনের অর্থ ব্যবসায়ীদের হিসাবে প্রদানের সময়কাল আর্থিক প্রতিষ্ঠানসমূহ গ্রাহক সম্পর্ক ও অন্যান্য ঝুঁকি বিবেচনাপূর্বক নিজেরা নির্ধারণ করবে; এবং

গ) আগামী ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে এই ব্যবস্থা প্রচলনের জন্য Bangla QR সরবরাহকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহ কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শরাফত উল্লাহ খান)
পরিচালক (পিএসডি)
ফোন: ৯৫৩০৬১১

ফোন : ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপি : ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৩০৪৭৯, Web : www.bb.org.bd